মেহেরপুর শ্যামপুরে এক যুবককে কুপিয়ে জখম

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুরে শাকিল (২২) নামের এক যুবককে কুপিয়ে রক্তাক্ত জখম করার অভিযোগ উঠেছে গাংনী উপজেলার চৌগাছা গ্রামের খৃষ্টানপাড়ার মুবার মল্লিকের ছেলে শেরেকুল একই এলাকার ফজলু বিশ্বাসের মিলন ও মিলনের ছেলে মোহনের বিরুদ্ধে।

গত শুক্রবার রাত দশটার দিকে শ্যামপুরে এ ঘটনা ঘটে। শাকিল বতর্মানে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। শাকিল শ্যামপুর হাইস্কুল পাড়ার আব্দুল লতিবের ছেলে।

অভিযোগ রয়েছে এই ঘটনার এক সপ্তাহ আগেও শাকিলকে রাতের বেলায় শ্যামপুর ক্লাবপাড়া এলাকা থেকে কৌশলে ডেকে নিয়ে সাহারবাটি এলাকার একটি নির্জন মাঠে শ্বাসরোধ করে হত্যার চেষ্টা করেছে অভিযুক্ত ব্যক্তিরা।

জানা গেছে, গত সাত মাস আগে চৌগাছা গ্রামের খৃষ্টানপাড়ার মিলনের মেয়ের সাথে শাকিলের পারিবারিকভাবে বিয়ে হয়। শাকিলকে তার স্ত্রীর পছন্দ না হওয়ায় চার মাস সংসার করার পর শাকিলের সাথে ডিভোর্স হয়ে যায়।

এই ঘটনার পর থেকেই শাকিলের উপর হামলার ঘটনা ঘটে। শাকিলের বাবা আব্দুল লতিব বলেন, সাত মাস আগে শাকিলের সাথে চৌগাছা খৃষ্টানপাড়ার মিলনের মেয়ের পারিবারিকভাবে বিয়ে হয়। চার মাস সংসার করার পর শাকিলকে পছন্দ না জানিয়ে মেয়ে শাকিলের কাছ থেকে ডিভোর্স চায়। মেয়ে সংসার করবে না বলে তার পরিবারকে জানালে মেয়ের পরিবারের পক্ষ থেকে লোকজন এসে নিয়ম অনুযায়ী তাদের ডিভোর্স হয়। শাকিলকে বিয়ের সময় ২০ হাজার টাকা দিয়েছিলো সেই টাকা সহ তারা মেয়ে নিয়ে যায়। যার সমস্ত কাগজপত্র আছে। এরপর থেকেই আমার ছেলেকে তারা হত্যার উদ্দেশ্য দু’বার হামলা করে।

গত সপ্তাহে তারা আমার ছেলেকে এক লোকের মাধ্যমে কৌশলে ডেকে নিয়ে সাহারবাটি এলাকার একটি মাঠের মধ্যে নিয়ে মারধরসহ গলায় রশি দিয়ে টেনে নিয়ে বেড়িয়েছে। এক পর্যায়ে আমার ছেলে অজ্ঞান হয়ে গেলে তাকে ফেলে রেখে যায়। খবর পেয়ে তাকে আমরা উদ্ধার করি। এখনও তার গলার দাগ শুকায়নি। আবার গত শুক্রবার তারাই আমার ছেলেকে কোপ মেরে

রক্তাক্ত জখম করছে।

শাকিল বলেন, আমি রাতে এলাকার একটি দোকান থেকে ওষুধ নিয়ে বাড়ি ফিরছিলাম এসময় মোহন ও একজন মটরসাইকেল করে এসেই হাসুয়া দিয়ে প্রথমে আমার পায়ে কোপ মারে। আবারও কোপ মারার চেষ্টা করলে তখন আমার সাথে মহনের ধস্তাধস্তি শুরু হয়। মোহন যতই কোপ মারার চেষ্টা করে আমি তাকে প্রতিহত করার চেষ্টা করি। এসময় আমার হাতে কয়েক জায়গায় ক্ষত হয়। এ ঘটনায় মামলার প্রস্তুতি চলছে।

মেহেরপুরে বয়স ভিত্তিক ক্রিকেটার বাছাই অনুষ্ঠিত

বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি’র) বয়স ভিত্তিক মেহেরপুর জেলা দল গঠনের লক্ষ্যে খেলোয়াড় বাছাই অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকাল থেকে মেহেরপুর জেলা স্টেডিয়ামে এ বাছাই অনুষ্ঠিত হয়। বাংলাদেশ ক্রিকেট বোর্ডের দেশব্যাপী বয়স ভিত্তিক জেলা দল গঠন করা হয়। মেহেরপুরে অনুর্ধ্ব-১৪, অনুর্ধ্ব-১৬ এবং অনুর্ধ্ব-১৮ ক্রিকেট দল বাছাই করা হয়।

বাছাই অনুষ্ঠান পরিচালনা করেন খুলনা বিভাগীয় কোচ মনোয়ার আলী মনু, বিসিবি’র সিনিয়র এক্সিকিউটিভ জাভেদ ইসলাম তাপস, বিসিবি’র মেডিকেল অফিসার দেলোয়ার হোসেন, মেহেরপুর জেলা কোচ হাসানুজ্জামান হিলন। পরবর্তীতে খেলোয়াড়দের মেডিকেলের মাধ্যমে চুড়ান্ত বাছাই করে জেলা দল ঘোষণা করা হবে।

বাংলাদেশ ক্রিকেট বোর্ড প্রতিবছর বয়স ভিত্তিক ক্রিকেট টুর্নামেন্টের আয়োজন করে থাকে। এ টুর্নামেন্টে দেশের বিভিন্ন জেলার ক্রিকেট দল গ্রুপ পর্বে অন্য জেলা দলের মুখোমুখি হবে। বয়সভিত্তিক জেলা দলের মধ্য থেকে প্রতিভাবান খেলোয়াড় বাছাই করা হয়।

মুজিবনগরে ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

মেহেরপুর মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রাম থেকে ভারতীয় ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী রকিব (৩৫) কে আটক করেছে র্যাব-৬।

শুক্রবার রাত সাড়ে ৮টার দিকে র্যাব-৬, সিপিসি-২ (ঝিনাইদহ ক্যাম্প) এর একটি দল গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ৭০ বোতল ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে র্যাব।

গ্রেফতারকৃত আসামী দারিয়াপুর গ্রামের মো: আব্দুর বিশ্বাসের ছেলে। জেলার মুজিবনগর থানাধীন মোনাখালী বাজার এলাকায় মাদক ক্রয় বিক্রয় করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে মোনাখালী বাজারে রাহাত গার্মেন্টস এন্ড সুষ্টোর এর দোকানের সামনে র্যাব অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে। এসময় র্যাবের উপস্থিতি টের পেয়ে পালানোর চেষ্টা করে। পরে ঘটনাস্থল থেকে কৌশলে তাকে গ্রেফতার করা হয়।

র্যাব-৬, সিপিসি-২ (ঝিনাইদহ ক্যাম্প)’র কমান্ডার জানান,গোপন সংবাদের ভিত্তিতে আসামীকে গ্রেফতার করা হয়েছে।গ্রেফতারকৃত আসামীর হেফাজত হতে ৭০ বোতল ফেন্সিডিল, ০১টি মোবাইল এবং ০২টি সিম কার্ড উদ্ধার পূর্বক জব্দ করে। গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রন মামলা রুজু করে মুজিবনগর থানায় হস্তান্তর করা হয়েছে।

গাংনীতে দ্রুতগতির মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে

ধাক্কা -চালক জখম

দ্রতগতির মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে ধাক্কায় ছোটন-আলী (৩৫) নামের একজন মারাত্নক আহত হয়েছে। আহত ছোটনের অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল হাসপাতালে রেফার করা হয়েছে। ছোটন গাংনী উপজেলার মহিষাখোলা গ্রামের খোকনের ছেলে।
শুক্রবার বিকেল সাড়ে ৩টার সময় হাড়িয়াদাহ -মহিষাখোলা সড়কে এঘটনা ঘটে।
স্থানীয়রা কয়েকজন কৃষক জানান, শুক্রবার বিকেলে হাড়িয়াদাহ মহিষাখোলার মাঝ রাস্তায় দিয়ে একটি মোটরসাইকেল দ্রতগতিতে গাংনীর দিকে যাচ্ছিল ছোটন। এসময় মোটরসাইকেলে অনেক গতি থাকায় চালক নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে একটি গাছের সাথে ধাক্কা দেয়। এসময় ছোটন মারাত্সক ভঅবে জখম হয় এবং তার মোটরসাইকেলটি দুমড়ে মুচড়ে যায়। পরে স্থানীয়রা ছুটে এসে ছোটনকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে এবং তার পরিচয় নিশ্চিত করে পরিবারকে খবর দেয়। খবর পেয়ে ছোটনের পরিবারের লোকজন স্বাস্থ্যকমপ্লেক্সে ছুটে আসেন। ছোটনের অবস্থা আশংকা দেখে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগের চিকিৎসক ওবাইদুর রহমান কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন।

মেহেরপুর আওয়ামীলীগের উপদেষ্টা গোলাম ছারোয়ারের চির বিদায়

মেহেরপুর জেলা আওয়ামীলীগের উপদেষ্টা,সাবেক ইউপি চেয়ারম্যান ও মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি গোলাম ছরোয়ারের জানাযা ও দাফন সম্পন্য হয়েছে। আজ শুক্রবার সকাল ১০ টার সময় তার নিজ গ্রাম চিৎলা ঈদগাহ ময়দানে অনুষ্ঠিত হয়। পরে তাকে কেন্দ্রিয় কবরস্থানে দাফন করা হয়।

গোলাম ছারোয়ার মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের

চিৎলা গ্রামের মৃত সামসুল হকের ছেলে। বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর ২৫০ শয্যা হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৫ বছর। সংসার জীবনে তিন ছেলে ও দুই মেয়ের জনক গোলাম ছারোয়ার।

রাজনৈতিক জীবনে ১৯৬২ সালে মেহেরপুর কলেজে বাংলাদেশ ছাত্রলীগের কমিটি গঠন করে কুষ্টিয়া জেলার নের্তৃবৃন্দ। ওই সময় সাহাবাজ উদ্দিন নিজ্জুকে সভাপতি ও গোলাম ছারোয়ারকে সাধারণ সম্পাদক করে একটি কমিটি গঠন করা হয়। সেই থেকেই তিনি জেলার একজন আওয়ামীলীগ সংগঠক হিসেবে কাজ করেন। স্বাধীনতা পরবর্তীতে তিনি ধানখোলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নির্বাচিত হয় । তার জনপ্রিয়তায় তিন বার ইউপি চেয়ারম্যান হিসেবে নির্বাচিত হয়ে জনগণের সেবা করেন । বর্তমানে তিনি বাংলাদেশ আওয়ামীলীগের মেহেরপুর জেলা আওয়ামীলীগের উপদেষ্টার দায়িত্বে ছিলেন।

গোলাম ছারোয়ারের মৃত্যুতে মেহেরপুরের রাজনীতিতে অপুরুনীয় শুন্যতা অনুভব করছে। অনুষ্ঠিত জানাযায় মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহম্মদ সাহিদুজ্জামান খোকন, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল,জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এমএখালেক, সহ সকল শ্রেনীর মানুষ উপস্থিত ছিলেন।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় মারাত্মক আহত-১

মেহেরপুরের গাংনীতে সড়ক দুর্ঘটনায় রকিবুল ইসলাম (২৫) নামের এক যুবক মারাত্মকভাবে আহত হয়েছে। শুক্রবার বিকেল ৩ টার দিকে উপজেলার হাড়িয়াদহ-পূর্বমালসাদহ গ্রামের মাঝামাঝি মাঠের পাকা সড়কে এ দুর্ঘটনা ঘটে। আহত রকিবুল ইসলাম উপজেলার মহিষাখোলা গ্রামের খোকন আলীর ছেলে।

হাড়িয়াদহ গ্রামের আবুল বক্সের ছেলে জামাত আলী জানান, রকিবুল ইসলাম হাড়িয়াদহ গ্রামের দিক থেকে দ্রুতগতিতে পূর্ব মালসাদহ গ্রামের দিকে যাচ্ছিলেন। মাঠের মধ্যে মুক্তার আলীর মর্টারের পাশে পৌঁছুলে মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে পাকা সড়কের উপর ছিটকে পড়ে মারাত্মকভাবে আহত হয়। স্থানীয়রা তাকে মুমূর্ষ অবস্থায় উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন। কর্তব্যরত চিকিৎসক তাকে প্রাথমিক চিকিৎসা দেন। রকিবুল ইসলাম এর অবস্থা আশংকাজনক হওয়ায় কাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

গাংনী থানা অফিসার ইনচার্জ বজলুর রহমান জানান, সড়ক দুর্ঘটনায় আহতের সংবাদ পেয়েছি ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।

মেহেরপুরের পিরোজপুর এ বাঁশের অাঘাতে সেলিম রেজার মৃতু

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর পশ্চিমপাড়ার মোঃ মহির উদ্দিন(৫৫) এর ছেলে মোঃ সেলিম রেজা (২৮) গতকাল সকাল ৮ টার সময় মৃত্যুবরণ করেন। মৃত সেলিম রেজা একজন পাওয়ার টিলার চালক ছিলেন। তিনি গতকাল শুক্রবার সকাল ৮ টার সময় পাওয়ার টিলার নিয়ে নিজ গ্রামের মৃত গোকুল সর্দার এর ছেলে বোরহানউদ্দিনের (৩৫)ধান আনার জন্য মাঠের উদ্দেশ্যে বের হয়ে যান, এবং তিনি ধান আনার জন্য বাঁশ বাগানের ভেতর দিয়ে যাচ্ছিলেন। হঠাৎ তিনি নিজের পাওয়ার টিলারের গতিরোধ নিজের নিয়ন্ত্রণের বাইরে চলে যায়। এবং তখন একটি বাশের সাথে পাওয়ার টিলার ধাক্কা লেগে যায় এবং ওই বাশটি তিনার গলার সাথে এসে ধাক্কা লাগে এবং তিনি মাটিতে পড়ে যান।তৎক্ষণাৎ গ্রামের লোকজন এসে মৃত সেলিম রেজা কে হাসপাতালে নেওয়ার চেষ্টা করেন কিন্তু তিনি ঘটনাস্থলেই নিহত হন। মৃত সেলিম রেজার ৫ বছরের একটি কন্যা সন্তান আছে,গ্রাম প্রতিনিধি ইমাদুল হক বলেন, আমরা সেলিম রেজার মৃত্যুতে পুরো গ্রাম বাঁশি গভীরভাবে শোকাহত।

মেহরপুরে অগ্নিকাণ্ডে পুড়ছে দিনমজুরের স্বপ্প

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের শোলমারি নতুন পাড়ায় মিজানুর রহমান নামের এক ব্যক্তির বাড়িতে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। মিজানুর রহমান একই পাড়ার মৃত রহিম ওস্তাদের ছেলে।
গতকাল বৃহস্পতিবার রাত আনুমানিক সাড়ে ৩ টার দিকে এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। অগ্নিকাণ্ডে গরুর ঘর ও রান্নাঘরসহ বেশ কিছু মালামাল পুড়ে একদম নিশ্চিহ্ন হয়ে যায়। অগ্নিকাণ্ডের ঘটনায় ক্ষতিগ্রস্ত হতদরিদ্র দিনমজুর মিজানুর রহমান ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়েছেন।

গাংনীর রামনগরে মেম্বর প্রার্থীর সমর্থকদের সাথে সংঘর্ষে ছয় পুলিশ সদস্য আহত

মেহেরপুরের গাংনী উপজেলার বামুন্দি ইউনিয়নের রামনগর ভোট কেন্দ্রে মেম্বর প্রার্থীর সমর্থকদের সাথে সংঘর্ষে পুলিশের ছয় সদস্য আহত হয়েছেন। পরিস্থিতি নিয়ন্ত্রণে চার রাউন্ড ফাঁকা গুলি বর্ষণ করেছে পুলিশ।

বৃহস্পতিবার রাত সাড়ে আটটার দিকে এ সংঘর্ষের ঘটনা ঘটে। আহত পুলিশ সদস্যরা হলেন- এসআই সাইদুর রহমান এসআই,আব্দুর রাজ্জাক, টিএসআই হুমাইন,এএসআই রাশিদুল ইসলাম,কনস্টেবল হেমায়েত কনস্টেবল নুর জাহিদ।

স্থানীয় ও পুলিশ সুত্রে জানা গেছে, বামন্দী ইউনিয়নের ৫নং ওয়ার্ডে মাত্র ১৪ ভোটের ব্যবধান মেম্বর নির্বাচিত হন আরিফুল ইসলাম। ১৪

ভোটে পরাজিত হওয়া ইউনুছ আলীর ব্যালট পেপার কয়েকটি ছিড়ে ভোট কেন্দ্রের বাইরে ফেলে দেওয়া হয়েছে এমন অভিযোগ উঠে।

এ নিয়ে পুলিশের সাথে তর্কবিতর্কে জড়িয়ে পড়েন দুই মেম্বর প্রার্থীর সমর্থকরা। এক পর্যায়ে তা সংঘর্ষে রুপ নেয়। পুলিশকে লক্ষ্য করে ইটপাটকেল নিক্ষেপ করেন মেম্বর প্রার্থীর সমর্থকরা। লাঠিসোটা নিয়ে তারা পুলিশের উপর আক্রমণ করেন। পুলিশ সদস্যরা আত্মরক্ষায় সংঘর্ষে জড়িয়ে পড়েন। শেষ পর্যন্ত পরিস্থিতি নিয়ন্ত্রণে ৪ রাউন্ড ফাঁকা গুলি বর্ষণ করে পুলিশ।

গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বজলুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, আহত পুলিশ সদস্যদেরকে হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে। পুলিশের উপর আক্রমণের সাথে জড়িতদের গ্রেফতার ও তাদের নামে মামলা দায়েরের প্রস্তুতি চলছে। বর্তমানে পরিস্থিতি পুলিশের নিয়ন্ত্রণে বলেও জানান তিনি।

মহাজনপুরে ভোটের পর নৌকার এজেন্টের বাড়িতে হামলা

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের যতারপুরে নৌকার এজেন্ট সার্জেন্ট (অব.) আব্দুল মতিন ও তার ভাই শহিদুলের ইসলামের বাড়িতে হামলা চালিয়েছে বিজয়ী প্রার্থীর লোকজন।

আজ বৃহস্পতিবার রাত ৮টার সময় বিজয়ী প্রার্থী আমাম হোসেন মিলুর কর্মীর এ হামলা চালায়। হামলায় বাড়ির দরজা ও দোকানের সার্টার ভাংচুর করা হয়েছে। এতে এজেন্ট আব্দুল মতিন আহত হয়েছেন। খবর পেয়ে পুলিশের একটি দল ঘটনাস্থল পরিদর্শন করে দোষীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের আশ্বাস দিয়েছেন।

আব্দুল মতিনের ভাতিজা নাসিম আহমেদ জানান, মহাজনপুর ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ড যতারপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে নৌকা প্রার্থীর এজেন্ট ছিলেন তার চাচা আব্দুল মতিন। ভোটে জেতার পর বিদ্রোহী প্রার্থীর কর্মী ইমান, দুলাল, হাসিবুল ওসজিবের

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]